গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি ফর লাইভস্টক এন্ড লাইভস্টক প্রোডাক্টস (কিউসি ল্যাব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা-১৩৪৩ ।
www.qclabdls.portal.gov.bd

স্মারক নং-৩৩.০১.০০০০.১১৬.০৬.০০২.২২-১৩৮ তারিখঃ ১৫/০৭/২০২৫ খ্রি.

**কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি ফর লাইভস্টক এন্ড লাইভস্টক প্রোডাক্টস (কিউসি ল্যাব), প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা এর ১২৯ তম ল্যাব মিটিং এর কার্যবিবরণী-**

| | | |
|---|---|---|
| **সভার স্থান** | ঃ | কনফারেন্স হল, কিউসি ল্যাব, প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা-১৩৪৩ । |
| **তারিখ** | ঃ | ১৫/০৭/২০২৫ খ্রিঃ |
| **সময়** | ঃ | দুপুর ১২.৩০ ঘটিকা |
| **সভাপতি** | ঃ | প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার, কিউসি ল্যাব, প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা-১৩৪৩ । |
| **উপস্থিত সদস্যবৃন্দ** | ঃ | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল কর্মকর্তা কর্মচারীগনকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়-

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা/সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | ইন্টারনাল অডিট | **আলোচনাঃ** গবেষণাগারের কোয়ালিটি ম্যানেজার জনাব চৈতী ঢালী, এসএসও জানান যে, ISO 9001 ও ISO/IEC 17025 Surveillance audit আসন্ন হওয়ায় আগস্ট/২৫ এর মধ্যে ইন্টারনাল অডিট ও সেপ্টেম্বর/২৫ এর মধ্যে ম্যানেজমেন্ট রিভিউ মিটিং সম্পন্ন হওয়া জরুরী। বিষদ আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়-<br>**সিদ্ধান্তঃ**<br>১) ইন্টারনাল অডিট সম্পন্ন করার জন্য আগস্ট/২৫ মাসের ১ম সপ্তাহে অডিট টিম গঠন করা হবে।<br>২) আগস্ট/২৫ মাসের ৩য় সপ্তাহে ইন্টারনাল অডিট সম্পন্ন করা হবে।<br>৩) অডিট টিম আগস্ট/২৫ মাসের ৪র্থ সপ্তাহে ইন্টারনাল অডিটের রিপোর্ট প্রদান করবেন।<br>৪) সেপ্টেম্বর/২৫ মাসের ১ম/২য় সপ্তাহে ম্যানেজমেন্ট রিভিউ মিটিং অনুষ্ঠিত হবে।<br>৫) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারী ইন্টারনাল অডিট সংক্রান্ত ডকুমেন্টস ও ফাইল প্রস্তুত রাখবেন। | ১) ড. মোঃ আল-আমীন, পিএসও, কিউসি ল্যাব<br>২) জনাব চৈতী ঢালী, কোয়ালিটি ম্যানেজার, কিউসি ল্যাব<br>৩) টেকনিক্যাল ম্যানেজার (সকল), কিউসি ল্যাব<br>৪) এনালিস্ট (সকল), কিউসি ল্যাব |
| ২. | প্রফিসিয়েন্সি টেস্ট (Proficiency Tests) | **আলোচনাঃ** পিএসও ড. মোঃ আল-আমীন উল্লেখ করেন যে, অত্র গবেষণাগারের ISO/IEC 17025 standard এর অধীনে ১৮টি accreditation scopes ধরে রাখার জন্য যে যে প্রফিসিয়েন্সি টেস্টে অংশগ্রহণ করা প্রয়োজন তার তালিকা প্রস্তুত করা জরুরী। তিনি আরও উল্লেখ করেন যে, জনগনকে অধিকতর উন্নত সেবা প্রদান করার জন্য ভবিষ্যতে গবেষণাগারের accreditation scope এর সংখ্যা বৃদ্ধি করা একান্ত প্রয়োজন। Accreditation scope এর সংখ্যা বৃদ্ধির জন্য নতুন নতুন প্রফিসিয়েন্সি টেস্টের তালিকা করা প্রয়োজন।<br>**সিদ্ধান্তঃ**<br>১) গবেষণাগারের এনালিস্ট ও টেকনিক্যাল ম্যানেজারগন প্রফিসিয়েন্সি টেস্টের তালিকা প্রস্তুতপূর্বক আগামী ৩১/০৭/২০২৫ খ্রি. তারিখের মধ্যে গবেষণাগারের কোয়ালিটি ম্যানেজার জনাব চৈতী ঢালী, এসএসও এর নিকট হস্তান্তর করবেন। | ১) ড. মোঃ আল-আমীন, পিএসও, কিউসি ল্যাব<br>২) জনাব চৈতী ঢালী, কোয়ালিটি ম্যানেজার, কিউসি ল্যাব<br>৩) টেকনিক্যাল ম্যানেজার (সকল), কিউসি ল্যাব<br>৪) এনালিস্ট (সকল), কিউসি ল্যাব |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা/সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩. | প্রফিসিয়েন্সি টেস্টের অকৃতকার্যতার ক্ষেত্রে Root cause analysis সম্পন্ন করা | **আলোচনাঃ** পিএসও ড. মোঃ আল-আমীন জানান যে, অত্র গবেষণাগারের ISO/IEC 17025 standard এর অধীনে ১৮টি accreditation scopes ধরে রাখার জন্য যে যে প্রফিসিয়েন্সি টেস্টে নিয়মিত অংশগ্রহণ করা হয়। কিছু কিছু ক্ষেত্রে গবেষণাগারের এনালিস্ট/টেকনিক্যাল ম্যানেজারগন প্রফিসিয়েন্সি টেস্টে অকৃতকার্য হচ্ছেন। বিশেষ করে ভারী ধাতু নির্ণয়ের ক্ষেত্রে ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখা গত ৩ বছরে অন্তত ৪ বার প্রফিসিয়েন্সি টেস্টে অংশগ্রহণ করে মাত্র ১ বার ১টি প্যারামিটারে কৃতকার্য হয়েছে। বিষয়টি অত্যন্ত হতাশাজনক। সাম্প্রতিক সময়ে প্রফিসিয়েন্সি টেস্টে প্রতিটি অকৃতকার্যতার ক্ষেত্রে Root cause analysis সম্পন্ন করা প্রয়োজন।<br>**সিদ্ধান্তঃ**<br>১) ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখার টেকনিক্যাল ম্যানেজার জনাব মোঃ মোশারফ হোসেন, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গত ০১/০৭/২০২৪-৩০/০৬/২০২৫ সময়ের মধ্যে অংশ নেওয়া প্রফিসিয়েন্সি টেস্টের প্রতিটি অকৃতকার্যতার ক্ষেত্র চিহ্নিতপূর্বক Root cause analysis সম্পন্ন করবেন এবং উক্ত analysis রিপোর্ট আগামী ৩১/০৭/২০২৫ খ্রি. তারিখের মধ্যে গবেষণাগারের কোয়ালিটি ম্যানেজার জনাব চৈতী ঢালী, এসএসও এর নিকট হস্তান্তর করবেন। | ১) জনাব মোঃ মোশারফ হোসেন, টেকনিক্যাল ম্যানেজার, ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখা, কিউসি ল্যাব<br>২) জনাব চৈতী ঢালী, কোয়ালিটি ম্যানেজার, কিউসি ল্যাব |
| ৪. | নমুনায় ভারী ধাতু পরীক্ষা | **আলোচনাঃ** পিএসও ড. মোঃ আল-আমীন জানান যে, গবেষণাগারে প্রায় সকল পরীক্ষা সম্পন্ন করার জন্য বিকল্প বিজ্ঞানী আছেন কিন্তু নমুনায় ভারী ধাতুর উপস্থিতি নির্ণয় একমাত্র ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখার ডিডি জনাব মোঃ মোশারফ হোসেন সম্পন্ন করে থাকেন এবং এর জন্য কোন বিকল্প বিজ্ঞানী নেই। বিষয়টি গবেষণাগারের জন্য খুবই ঝুঁকিপূর্ণ বিধায় সংশ্লিষ্ট শাখার অন্যান্য বিজ্ঞানী ও গবেষণাগারের অন্য যে কোন আগ্রহী বিজ্ঞানীগনকে ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখার ২টি এএএস মেশিন দ্বারা নমুনায় ভারী ধাতুর উপস্থিতি নির্ণয় পদ্ধতি শেখানো জরুরী। এ বিষয়ে পূর্ববর্তী সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হলেও কোন অগ্রগতী না থাকায় বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করার জন্য ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখার এসএসও জনাব মোঃ মোশারফ হোসেনকে অনুরোধ করা হয়।<br>**সিদ্ধান্তঃ**<br>১) ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখার এসএসও জনাব মোঃ মোশারফ হোসেন অনতিবিলম্বে শাখার অন্যান্য বিজ্ঞানী ও গবেষণাগারের আগ্রহী বিজ্ঞানীগনকে ২টি এএএস মেশিন দ্বারা নমুনায় ভারী ধাতুর উপস্থিতি নির্ণয় পদ্ধতি শেখানোর ব্যবস্থা গ্রহণ করবেন। | ১) জনাব মোঃ মোশারফ হোসেন, টেকনিক্যাল ম্যানেজার, ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখা, কিউসি ল্যাব<br>২) জনাব অনামিকা রায়, এসএসও, ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখা |
| ৫. | কর্মকর্তার দায়িত্ব পুনর্বন্টন | **আলোচনাঃ** পিএসও ড. মোঃ আল-আমীন জানান যে, মাইক্রোবিয়াল ফুড সেফটি শাখায় বর্তমানে ৩ জন কর্মকর্তা কর্মরত আছেন, যা প্রয়োজনের তুলনায় অধিক। অন্যদিকে রেসিডিউ এন্ড বায়োলজিক্স শাখায় মাত্র ১ জন কর্মকর্তা কর্মরত আছেন, যা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। পিএসও ড. মোঃ আল-আমীন মাইক্রোবিয়াল ফুড সেফটি শাখায় কর্মরত কর্মকর্তা ডাঃ মোঃ নাজমুল হোসেনকে রেসিডিউ এন্ড বায়োলজিক্স শাখার এনালিস্ট এর দায়িত্ব প্রদানের প্রস্তাব করেন। তাঁর এ প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br>**সিদ্ধান্তঃ**<br>১) পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত আগামী ১৬/০৭/২০২৫খ্রি. তারিখ হতে ডাঃ মোঃ নাজমুল হোসেন রেসিডিউ এন্ড বায়োলজিক্স শাখার এনালিস্ট এর দায়িত্ব পালন করবেন। | ১) ড. মোঃ আল-আমীন, পিএসও, কিউসি ল্যাব<br>২) ডাঃ এস এম শরিফুল ইসলাম, টেকনিক্যাল ম্যানেজার, রেসিডিউ এন্ড বায়োলজিক্স শাখা<br>৩) ডাঃ মোঃ নাজমুল হোসেন, এনালিস্ট, মাইক্রোবিয়াল ফুড সেফটি শাখা। |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা/সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | | |
| ৬. | নতুন আউটসোর্সিং ড্রাইভারের যোগদান | **আলোচনাঃ** পিএসও ড. মোঃ আল-আমীন জানান যে, অত্র দপ্তরে কর্মরত আউটসোর্সিং ড্রাইভার মোঃ কামাল হোসেন ফৌজদারী অপরাধে জড়িয়ে পড়ার কারণে তার নিয়োগকারী ঠিকাদারী প্রতিষ্ঠান MR Future Bangladesh (Pvt.) Limited তাকে গত ১৩/১০/২০২৫ খ্রি. তারিখ হতে ড্রাইভারের দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করে। দীর্ঘ দিন আউটসোর্সিং ড্রাইভারের পদ শূণ্য থাকার পর MR Future Bangladesh (Pvt.) Limited গত ২৯/০৬/২০২৫ খ্রি. তারিখ হতে জনাব সাকিল আহম্মেদ কে উক্ত পদে নিয়োগ প্রদান করেছেন। এখন থেকে জনাব সাকিল আহম্মেদ কিউসি ল্যাবের যানবাহনটি পরিচালনা করবেন।<br>**সিদ্ধান্তঃ**<br>১) পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত জনাব সাকিল আহম্মেদ কিউসি ল্যাবের যানবাহনটি পরিচালনা করবেন। | ১. ড. মোঃ আল-আমীন, পিএসও, কিউসি ল্যাব<br>২. জনাব সাকিল আহম্মেদ, আউটসোর্সিং ড্রাইভার, কিউসি ল্যাব |
| ৭. | অজ্ঞতাবশতঃ কিউসি ল্যাবের সরকারী ব্যাংক একাউন্টে ১০০,০০০/- (এক লক্ষ) টাকা জমা প্রদান | **আলোচনাঃ** পিএসও ড. মোঃ আল-আমীন জানান যে, সোনালী ব্যাংকের পিএটিসি শাখায় কিউসি ল্যাবের একটি ব্যাংক একাউন্ট আছে (QC LAB DLS, A/C No. 1632902000884) । উক্ত একাউন্টে গত ৩০/০৬/২০২৫ খ্রি. তারিখে অজ্ঞাত উৎস হতে ১০০,০০০/- (এক লক্ষ) টাকা জমা হয়। পরবর্তীতে গত তারিখে জনৈক মোঃ রেজাউল প্রাং এক আবেদন মারফত জানান যে অজ্ঞতাবশতঃ তিনি কিউসি ল্যাবের সরকারী ব্যাংক একাউন্টে ১০০,০০০/- (এক লক্ষ) টাকা জমা প্রদান করেছেন এবং বর্তমানে তিনি উক্ত টাকা তাঁর নিজ নামীয় ব্যাংক একাউন্টে ফেরৎ পেতে চান। কিউসি ল্যাবের সরকারী ব্যাংক একাউন্টে উক্ত ১০০,০০০/- (এক লক্ষ) টাকা জমা প্রদানের প্রকৃত কারণ জানার জন্য বিষয়টি তদন্ত করা আবশ্যক। এ লক্ষ্যে একটি তদন্ত কমিটি গঠন করা প্রয়োজন। পিএসও ড. মোঃ আল-আমীন নিম্নোক্ত ৩ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির প্রস্তাব করেন-<br>১) ডাঃ মারুফা আক্তার- আহ্বায়ক<br>২) জনাব অনামিকা রায়-সদস্য<br>৩) ডাঃ মোঃ আশরাফুল ইসলাম-সদস্য সচিব<br>তাঁর এ প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br>**সিদ্ধান্তঃ**<br>১) আগামী ২৩/০৭/২০২৫ খ্রি. তারিখের মধ্যে উক্ত কমিটি তদন্তপূর্বক কিউসি ল্যাবের সরকারী ব্যাংক একাউন্টে ১০০,০০০/- (এক লক্ষ) টাকা জমা প্রদানের প্রকৃত কারণ নির্ণয় করবেন ও উক্ত অর্থ বিষয়ে করনীয় নির্ধারন করবেন । | ১) ড. মোঃ আল-আমীন, পিএসও, কিউসি ল্যাব<br>২) ডাঃ মারুফা আক্তার, কিউসি ল্যাব<br>৩) জনাব অনামিকা রায়, কিউসি ল্যাব<br>৪) ডাঃ মোঃ আশরাফুল ইসলাম, কিউসি ল্যাব |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০৭/২০২৫

(ড. মোঃ আল-আমীন)
সিনিয়র সায়েন্টিফিক অফিসার
কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা ।

**অনুলিপি-**

১-২৫. সকল কর্মকর্তা ও কর্মচারী । জ্ঞাতার্থে ও কার্যার্থে।
২৬. অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি ফর লাইভস্টক এন্ড লাইভস্টক প্রোডাক্টস (কিউসি ল্যাব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা-১৩৪৩ ।
**www.qclabdls.portal.gov.bd**

**পরিশিষ্ট 'ক'ঃ ল্যাব মিটিং এ উপস্থিত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ**

সভার স্থানঃ **কনফারেন্স হল**, কিউসি ল্যাব — তারিখঃ ১৪/০৭/২০২৫ খ্রি.
সময়ঃ দুপুর ১২.৩০ ঘটিকা

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ মোশারফ হোসেন | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লিভ/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ) সংযুক্তিঃ কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ২. | ডাঃ এস এম শরিফুল ইসলাম | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লিভ/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ) সংযুক্তিঃ কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ৩. | ডাঃ মারুফা আক্তার | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লিভ/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ) সংযুক্তিঃ কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ৪. | জনাব চৈতী ঢালী | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লিভ/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ) সংযুক্তিঃ কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ৫. | জনাব অনামিকা রায় | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, (লীভ/রিজার্ভ) সংযুক্তিঃ কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ৬. | ডাঃ মোঃ নাজমুল হোসেন | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লিভ/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ) সংযুক্তিঃ কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ৭. | ডাঃ মোঃ আশরাফুল ইসলাম | ভেটেরিনারি সার্জন (লিভ/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ) সংযুক্তিঃ কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ৮. | জনাব মোঃ রেজওয়ানুল হায়দার | বৈজ্ঞানিক কর্মকর্তা কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি ফর লাইভস্টক এন্ড লাইভস্টক প্রোডাক্টস (কিউসি ল্যাব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা-১৩৪৩ ।
**www.qclabdls.portal.gov.bd**

পরিশিষ্ট 'ক'ঃ কো-অর্ডিনেশন মিটিং এ উপস্থিত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ

সভার স্থানঃ কনফারেন্স হল, কিউসি ল্যাব — তারিখঃ ১৪/০৭/২০২৫ খ্রি.
সময়ঃ দুপুর ১২.৩০ ঘটিকা

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১০. | মাহমুদা আক্তার | উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ১১. | **মোঃ সুমন কাজী** | পাম্প ও জেনারেটর অপারেটর<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ১২. | **এরশাদুর রহমান** | ল্যাব এটেনডেন্ট<br>ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখা<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ১৩. | **বাবলু** | ল্যাব এটেনডেন্ট<br>ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখা<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ১৪. | **মোঃ তরিকুল ইসলাম** | ল্যাব এটেনডেন্ট<br>রেসিডিউ এন্ড বায়োলজিক্স শাখা<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ১৫. | **ডলি খানম** | ল্যাব এটেনডেন্ট<br>প্রোডাক্ট কোয়ালিটি কন্ট্রোল শাখা<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ১৬. | **পলাশ চন্দ্র দাস** | ল্যাব এটেনডেন্ট<br>মাইক্রোবিয়াল ফুড সেফটি শাখা<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ১৭. | **সাকিল মিয়া** | ল্যাব এটেনডেন্ট<br>মাইক্রোবিয়াল ফুড সেফটি শাখা<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ১৮. | **মোঃ জিয়ারুল ইসলাম** | সহঃ ইলেকট্রিশিয়ান<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ১৯. | **ইস্রাফিল খান** | গহঃ গার্ডেনার<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ২০. | **মোঃ মামুনুর রশীদ** | নিরাপত্তা কর্মী<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ২১. | **জনাব এশার আলী** | নিরাপত্তা কর্মী<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২২. | **চন্দনা** | **পরিচ্ছন্নতা কর্মী**<br>**কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা।** | চন্দনা |
| ২৩. | **শিউলী আক্তার** | **পরিচ্ছন্নতা কর্মী**<br>**কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা।** | শিউলী আক্তার |
| ২৪. | **সাকিল আহম্মেদ** | **ড্রাইভার**<br>**কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা।** | সাকিল |
| ২৫. | **জাকির হোসেন** | **নিরাপত্তা কর্মী**<br>**কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা।** | [illegible] |